

আনিসুল হকের জ্ঞান ফিরতে আরও সময় লাগবে

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৮:২৮ এপ্রম, ২৯ আগস্ট ২০১৭



ফাইল ছবি

লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের জ্ঞান ফিরতে আরও বেশকিছু দিন সময় লাগবে বলে চিকিৎসকরা জানিয়েছেন। ফলে তাকে এখন নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে (আইসিইউ) রেখেই চিকিৎসা দেয়া হচ্ছে।

মেয়র আনিসুল হকের একান্ত সচিব মিজানুর রহমান জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, স্যারের (আনিসুল হকের) রোগটি বিরল। তাই আইসিইউতে রেখেই তার চিকিৎসা চলছে, তবে স্যার অনেকটা ভালো আছেন। নিবিড় পর্যবেক্ষণের জন্য আরও কিছুদিন মেয়রকে আইসিইউতে থাকতে হবে।

চিকিৎসকরা আনিসুল হকের শারীরিক অবস্থার উন্নতি দেখতে পাচ্ছেন বলেও জানিয়েছেন মিজানুর রহমান। পুরোপুরি সুস্থ হতে তার আরও সময় লাগবে।

উল্লেখ্য, মেয়র আনিসুল হক 'সেরিব্রাল ভাসকুলাইটিস' নামে মস্তিষ্কজনিত রোগে আক্রান্ত হয়ে লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন। গত ২৯ জুলাই শারীরিক চেকআপ ও পারিবারিক কাজে লন্ডনে যান তিনি। এরই মধ্যে হঠাৎ করে অসুস্থ বোধ করায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়। তখন থেকেই তিনি নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে ভর্তি আছেন।

এএস/এনএফ/জেআইএম